

নর্থ সাউথ বিশ্ববিদ্যালয়ে মিউজিক্যাল ফেস্ট

নিজস্ব প্রতিবেদক

১৩ সেপ্টেম্বর, ২০২৩
০০:০০

শেয়ার

অ +

অ -



নর্থ সাউথ ইউনিভার্সিটিতে গতকাল আয়োজিত মিউজিক্যাল ফেস্টে প্রধান অতিথি ছিলেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য আতিকুল ইসলাম, বিশেষ অতিথি ছিলেন অর্থনীতি বিভাগের অধ্যাপক এম ইসমাইল হোসেন। ছবি : কালের কণ্ঠ

নর্থ সাউথ বিশ্ববিদ্যালয়ে (এনএসইউ) গতকাল মঙ্গলবার 'ইন্টার ইউনিভার্সিটি আনপ্লাগড ২০২৩' মিউজিক্যাল ফেস্ট অনুষ্ঠিত হয়েছে। দিনব্যাপী চলা এই সংগীত উৎসবে গানের পাশাপাশি নাচের তালে একটি ফ্লাশমবও পরিবেশিত হয়। সংগীত পরিবেশনায় শিক্ষার্থীদের অংশগ্রহণের পাশাপাশি দর্শক-শ্রোতাদের আকৃষ্ট করে সংগীতদল আর্ক, লেভেল ফাইভ ও অড সিগনেচার।

এনএসইউ গ্যালারি এবং আপার প্লাজায় এই মিউজিক্যাল ফেস্ট প্রধান অতিথি ছিলেন নর্থ সাউথ ইউনিভার্সিটির উপাচার্য আতিকুল ইসলাম।

বিশেষ অতিথি ছিলেন এনএসইউর অর্থনীতি বিভাগের অধ্যাপক এম ইসমাইল হোসেন।

মিউজিক্যাল ফেস্ট নর্থ সাউথ বিশ্ববিদ্যালয় ছাড়াও জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ ইউনিভার্সিটি অব প্রফেশনালস, ইনডিপেনডেন্ট ইউনিভার্সিটি, ব্র্যাক ইউনিভার্সিটি, মেরিটাইম ইউনিভার্সিটি, ড্যাফোডিলস ইউনিভার্সিটিসহ সাতটি বিশ্ববিদ্যালয় অংশ নেয়। বিশ্ববিদ্যালয়ের সাংস্কৃতিক সংগঠনের আয়োজনে প্রতিবছর এই উৎসব হয়। অনুষ্ঠানটির মিডিয়া পার্টনার ছিল 'কালের কণ্ঠ'।